মেহেরপুরে মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক ও কর্মকর্তাদের করোনা মোকাবেলায় অনুদান

মেহেরপুরে মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক স্কুল ও শিক্ষা অফিস থেকে করোনা মোকাবেলায় অনুদান হিসেবে দিলেন ৮ লক্ষ ৬৬ হাজার ১৫০ টাকা।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের একাউন্টে এই টাকা পাঠানো হয়েছে।

জেলা শিক্ষা অফিসের সহকারী পরিদর্শক মোঃ আল মামুন বিষয়টি নিশ্চিত করে জানান, দেশের এই সংকটময় পরিস্থিতিতে মেহেরপুর জেলা মাধ্যমিক শিক্ষা অফিস, তিন উপজেলার মাধ্যমিক শিক্ষা অফিস ও জেলার মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক বিদ্যালয় থেকে সংগ্রহীত ৮ লক্ষ ৬৬ হজার ১৫০ টাকা অনুদান হিসেবে মহাপরিচাল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের একাউন্টে দেওয়া হয়েছে।

মেপ্র/এমএফআর

ত্রাণ নিয়ে বাড়ি বাড়ি মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান

মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান গোলাম রসুল ২য় দিনের মত মানুষের বাড়ি বাড়ি গিয়ে খাদ্য সামগ্রী বিতরণ করেছেন।

২ হাজার পরিবারকে খাদ্য সামগ্রী পৌঁছে দেওয়ার লক্ষে বৃহস্পতিবার দিনব্যাপী এই ত্রাণ সামগ্রী বিতরণ করা হয়।

জেলা পরিষদের উদ্যোগে গাংনী উপজেলার কাথুলী, সাহারবাটি, রাইপুর, গাংনী, ধানখোলার দুস্থ মনুষের হাতে খাদ্য সামগ্রী তুলে দেন চেয়ারম্যান।

জেলা পরিষদের চেয়ারম্যান ও সদর উপজেলা আওয়ামিলীগ এর সভাপতি গোলাম রসুল বলেন, মেহেরপুরের এই সংকটময় পরিস্থিতিতে কোন মানুষ যেনো না খেয়ে থাকে সেজন্য প্রতিটি অসহায় মানুষের বাড়ি বাড়ি গিয়ে খাদ্য পৌঁছে দেওয়া হচ্ছে।

মেপ্র/এমএফআর

মেহেরপুরে বিএনপি নেতা জাকির এর উদ্যোগে ত্রাণ বিতরণ

মেহেরপুর জেলা বিএনপি’র সদস্য, পিচ এম্বাসেডর জাকির হোসেন এর উদ্যোগে দুস্থ পরিবারের মাঝে ত্রাণ সামগ্রী বিতরণ করা হয়েছে।

বৃহস্পতিবার শহরের বিভিন্ন দুস্থ পরিবারের বাড়ি বাড়ি গিয়ে খাদ্য সামগ্রী তুলে দেওয়া হয়।

মেহেরপুর জেলা যুবদলের সদস্য ও ৫ নং ওয়ার্ড যুবদলের সাবেক সাধারণ সম্পাদক মো: মনিরুল ইসলাম মনি এই ত্রাণ সামগ্রী পৌঁছে দেন।

জাকির হোসেন মোবাইল ফোনে জানান, আমার এলাকার এমন কিছু পরিবার আছে যারা এই কঠিন পরিস্থিতিতে খুব কষ্টে আছে। আজ পর্যন্ত সরকারি বা অন্য কোন সংগঠন থেকে তারা কোন সহযোগীতা পাইনি।

এমন মানুষের তালিকা করে তাদের বাড়িতে খাদ্য পৌছে দেওয়ার চেষ্টা করছি।

আজ মেহেরপুর সাহজিপাড়া ও চক্রপাড়ায় বিতরণ করা হয়েছে। পরিস্থিতি স্বাভাবিক না হওয়া পর্যন্ত আমার পক্ষ থেকে সামর্থ্য অনুযায়ী ত্রাণ বিতরণ অব্যাহত থাকবে।

সার্বিক সহযোগিতায় ছিলেন মেহেরপুর জেলা ছাত্রদলের যুগ্ম সম্পাদক ফরিদুল ইসলাম মিন্টু, মেহেরপুর জেলা নবীনদলের দপ্তর সম্পাদক সোহাগ আলী।

মেপ্র/এমএফআর

মেহেরপুর সেনাবাহিনীর অভিযান সহ অনুপ্রবেশকারীদের জেলা প্রশাসনের সতর্কতা

করোনা ভাইরাস সম্পর্কে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে মেহেরপুর জেলা প্রশাসন ও সেনাবাহিনীর যৌথ প্রচার অভিযান চালিয়েছে।

বৃহস্পতিবার দুপুরের দিকে মেহেরপুর শহর ও মেহেরপুর সদর উপজেলার গোপালপুর গ্রামে এ অভিযান চালানো হয়। এ সময় সেনাবাহিনীর সদস্যরা রাস্তায় অযথা ঘোরাফেরা কারিদের বাইরে বের না হওয়ার জন্য আহ্বান জানান।

অন্য জেলা থেকে মেহেরপুরের বিভিন্ন গ্রামে এসে অবস্থান গ্রহণ করায় তাদের এবং তাদের পরিবারকে সতর্ক করা হয়েছে।মেহেরপুর সদর উপজেলার গোপালপুর ও বন্দর গ্রামে চারটি বাড়ির লোকজনকে সতর্ক করা হয়।

জানা গেছে গোপালপুর গ্রামে কয়েকদিন পূর্বে কুষ্টিয়া থেকে ওই বাড়ির জামাতা সহ কয়েকজন ব্যক্তি এবং বন্দর গ্রামে ফেনী জেলা থেকে একজন কয়েকদিন আগে থেকে ওই গ্রাম দুটিতে অবস্থান করছেন।

খবর পেয়ে মেহেরপুর জেলা প্রশাসনের পক্ষ থেকে বাইরের জেলা থেকে আসা ঐ সমস্ত ব্যক্তি ও পরিবারকে বাড়ির বাইরে না যাওয়ার জন্য সতর্ক করে দেয়া হয়। সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মহিদুল ইসলাম মেহেরপুর সদর থানা পুলিশের সহযোগিতায় ঐসমস্ত বাড়িতে অভিযান চালান।

দুপুরের দিকে মেহেরপুর শহরের কোট এলাকায় এ অভিযান চালানো হয়।সরকারি নির্দেশ অমান্য করে অযথা বাইরে ঘোরাফেরা দায়ে ৩ জনের নিকট থেকে জরিমানা আদায় করা হয়েছে।

সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মো মহিদুল ইসলামের নেতৃত্বে মেহেরপুর শহরের কোট এলাকায় সরকারী আইন অমান্য করে রাস্তায় ঘোরাফেরা করার দায়ে মোট ৩ টি মামলা দায়ের করা হয়। ওই ব্যক্তিদের নিকট থেকে ৬শ টাকা জরিমানা আদায় করা হয়। বাংলাদেশ সেনাবাহিনী ও পুলিশের সদস্যরা এ সময় সেখানে উপস্থিত ছিলেন।

মেহেরপুর জেলা প্রশাসনের সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মহিদুল ইসলাম, বগুড়া সেনানিবাস ৪০ ফিল্ড আর্টিলারি রেজিমেন্টের ক্যাপ্টেন আরমান সহ সেনাবাহিনী ও পুলিশের সদস্যরা অভিযান অংশগ্রহণ করেন।

মেহেরপুরে করোনা মোকাবেলায় অভিযান অব্যহত

মেহেরপুর সদরে করোনা ভাইরাস সম্পর্কে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে মেহেরপুরে সেনাবাহিনীর অভিযান অব্যাহত। অভিযানে ১৭ জনকে জরিমানা করে ভ্রাম্যমান আদালত।

গতকাল বুধবার সকাল থেকে দুপুর পর্যন্ত মেহেরপুর জেলার বিভিন্ন স্থানে এ অভিযান চালানো হয়।

এ সময় সেনাবাহিনীর সদস্যরা রাস্তায় অযথা ঘোরাফেরা কারিদের অযথা বাইরে বের না হওয়ার জন্য আহ্বান জানান।

এ সময় সেনা বাহিনী জনসমাগম পরিহার করুন নিজে বাঁচুন আন্যকে বাচতে সহায়তা করুন।

গতকাল বুধবার সকাল থেকে দুপুর পর্যন্ত করোনা ভাইরাস প্রদুরভাব রোধে মেহেরপুর সদর নির্বাহী ম্যাজিস্ট্রোট কাজী মো: অনিক ইসলামের নেতৃত্বে সেনাবাহিনী মাদ্যমে সড়কের রাস্তায় লক ডাউন না মানাই অনেক মোটরসাইকেল গাড়ির কাগজ পত্র ঠিক না থাকায় ও সাধারণ লোক সমাগম করার, বিনা কারনে রাস্তায় আসার অপরাধে ১৭ জনকে অনাদায়ে ১০০ টাকা করে অর্থ দন্ড করেছেন।

এ ছাড়া বিভিন্ন হাট বাজারে সাধারণ মানুষের জমায়েত না হওয়া মার্কেট বন্ধ রাখা সহ গ্রামে গ্রামে ঘুরে চায়ের দোকানে গুলোতে লোক সমাগম বিরত থেকে নিজ নিজ বাড়ী অবস্থান করার কথা জানানো হয়।লক ডাউন মেনে প্রশাসন কে সহোযোগিতা নিরাপদ দুরুত্ব নিশ্চিত করতে বলা হয়।

মেহেরপুরে সনো ল্যাবের বিরুদ্ধে ভুল রিপোর্টের অভিযোগ

মেহেরপুরের গাংনীর কাঞ্চন মালা (২২) নামের এক রোগীর রক্তের ভুল রিপোর্ট দেওয়ার অভিযোগ উঠেছে সনোল্যাবের বিরুদ্ধে। তবে সনোল্যাব কর্তৃপক্ষের দাবি প্রিন্ট মিসটেকের কারণে এই ভুল হয়েছে। প্রতিষ্ঠানের রেজিষ্টারে সঠিক রিপোর্ট উঠানো হয়েছে।

কাঞ্চন মালা গাংনী উপজেলার কাথুলী ইউনিয়নের রামকৃষ্ণপুরের রানার স্ত্রী।

রোগীর পরিবারের লোকজন জানান, গত ১২ মার্চ মেহেরপুর শহরের হাসপাতাল এলাকার সনোল্যাবে কাঞ্চন মালার রক্তের গ্রুপ নির্নয় করা হয়। সেখানে নিলিম চদ্র দাস নামের এক মেডিকেল টেকনোলজির স্বাক্ষরিত রক্তের গ্রুপ বি পজেটিভ বলে রিপোর্ট প্রদান করে।

বুধবার রানার স্ত্রী কাঞ্চন মালার সিজারিয়ান অপারেশনের জন্য মেহেরপুর এ্যাপোলো ক্লিনিকে ভর্তি করা হয়। অপারেশনের জন্য

সেখানে রক্ত সংগ্রহ করতে বলেন তারা। কাথুলি ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি মজিবুল হক এর রক্তের সাথে মিল থাকায় আগে থেকে রক্ত একটি ব্যাগে রাখা হয়।

পরে কাঞ্চন মালা ও আমার রক্তের গ্রুপ ও ক্রস ম্যাসিং করতে গেলে রক্তের গ্রুপ নিয়ে বিভ্রান্তি তৈরি হয়। এর পরপরই রাবেয়া মেডিকেল সার্ভিসেস ও প্রাইম ল্যাবে কাঞ্চনমালার রক্ত পরীক্ষা করা হয়। সেখানে তার রক্ত এবি পজেটিভ বলে রিপোর্ট প্রদান করা হয়।

এ বিষয়ে সনোল্যাব সত্তাধীকারী জেপি আগরওয়ালা বলেন, এটা টাইপ মিসটেক হয়েছে। আমাদের রেজিস্ট্রার খাতায় সঠিক লেখা ছিল। আমাদের ওই টেকিনিশিয়ানকে সতর্ক করে দেওয়া হয়েছে।

সাংবাদিক লিংকনের বাবার ইন্তেকাল : বিভিন্ন মহলের শোক

চ্যানেল ফোর টেলিভিশন ও দৈনিক সময়ের কাগজ পত্রিকার মেহেরপুর জেলা প্রতিনিধি এমএ লিংকন-এর বাবা এবং মেহেরপুর-২ (গাংনী) আসনের সাবেক সংসদ মকবুল হোসেনের চাচা আব্দাল হক মিয়া ইন্তেকাল করেছেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। তিনি কয়েক বছর যাবত বিভিন্ন রোগে ভূগছিলেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৮২ বছর। আব্দাল হক ৩ ছেলে ও ১ মেয়েসহ অসংখ্য গুনগ্রাহী রেখে গেছেন।

গতকাল বুধবার দিবাগত রাত ৯টা ৪০ মিনিটের সময় বার্ধক্যজনিত কারণে মেহেরপুরের গাংনী উপজেলার ষোলটাকা ইউনিয়নের মিনাপাড়া গ্রামের নিজ বাসভবনে অাব্দাল হক মারা যান।

মরহুম আব্দাল হক মিয়ার জানাজা নামাজ বৃহস্পতিবার সকাল ১০টার সময় মিনাপাড়া গ্রামে অনুষ্ঠিত হবে। জানাজা শেষে পারিবারিক গোরস্থান ময়দানে দাফন সম্পন্ন হবে বলে জানান, তার ছেলে সাংবাদিক এম.এ লিংকন।

এদিকে আব্দাল হক মিয়ার মৃত্যুতে বিভিন্ন শ্রেণী-পেশার মানুষ শোক

প্রকাশ করেছেন।

আমঝুপিতে ডিফেন্সের উদ্যোগে ত্রাণ বিতরণ

আমঝুপী গ্রামের ডিফেন্সের নিজ উদ্যোগে এবং পরিবর্তনের মেহেরপুর গ্রুপের এডমিন সাইদুর রহমান ও মালায়শিয়া প্রবাসী তামিম সহ আরো অনেকের এর সহযোগিতায় আমঝুপী চাদবিল সহ বিভিন্ন গ্রামে অসহায় ব্যক্তিদের মাঝে ত্রাণ বিতরণ করা হয়েছে।

পরে ত্রাণ সামগ্রী কয়েকজন সেচ্ছাসেবক এগুলো বাড়ি বাড়ি যেয়ে সকলের বাসাই পৌছায়ে দিয়েছেন।
প্রত্যেককে ৫ কেজি চাউল, ১ কেজি ডাউল, ১ কেজি আটা ও নগত অর্থ দিয়ে সাহায্য করা হয়।

সার্বিক সহযোগিতা করেন ডিফেন্সের চাচা ফারুক হোসেন, প্রজন্ম সংগঠনের প্রতিষ্ঠাতা জহুরুল ইসলাম, ইকবাল, আলহাজ।

মেপ্র/এমএফআর

মেহেরপুর জেলা পরিষদের উদ্যোগে ত্রাণ বিতরণ

মেহেরপুর জেলা পরিষদের উদ্যোগে ৪শ’ পরিবারের মাঝে খাবার বিতরণ করা হয়েছে।

বুধবার সকাল থেকে জেলা পরিষদ চেয়ারম্যান ও সদর উপজেলা আওয়ামী লীগের সভাপতি গোলাম রসুল দুস্থদের হাতে খাবার তুলে দেন।

মেহেরপুর সদরে রাজাপুর, শুভরাজপুর, গাংনীর জোড়পুকুর, চেংগাড়া,মিনা পাড়া, বামন্দী, করমদী গ্রামের অসহায় মানুষদের হাতে চেয়ারম্যান নিজে খাদ্য তুলে দেন।

সেই সাথে নিরাপদ দুরত্বে থেকে সকলকে করোনা মোকাবেলায় সহযোগীতা করার আহবান জানান।

এ সময় গোলাম রসুল বলেন, করোনা মোকাবেলায় আপনারা সবাই ঘরে থাকুন। আমরা আপনাদের বাড়ি খাবার পৌঁছে দেব।

মেপ্র/এমএফআর

যেসব মানুষরা চাইতে পারছেন না কিন্তু কষ্টে আছেন তাদের খুজে বের করে গোপনে খাবার পৌঁছে দেওয়ার অঙ্গিকার করেন চেয়ারম্যান।

মেহেরপুরে ফেন্সিডিলসহ দুইজন আটক

মেহেরপুরে ৫ বোতল ফেন্সিডিল সহ খুশীলা খাতুন ও সিরাজুল ইসলাম নামের দুই মাদক ব্যবসায়ীকে আটক করেছে ডিবি পুলিশ।

বুধবার বিকালে সদর উপজেলার বুড়িপোতা গ্রাম থেকে তাদের আটক করা হয়।

আটক খুশীলা খাতুন পাবনা জেলার সুজানগর থানার চর গোবিন্দপুর গ্রামের হযরত আলীর মেয়ে ও সিরাজুল ইসলাম একই এলাকার ইসলাম প্রামানিক এর ছেলে।

মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশের ওসি রবিউল ইসলাম বিষয়টি নিশ্চিত করে বলেন আটককৃত আসামীদের বিরুদ্ধে মেহেরপুর সদর থানায় একটি নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

মেপ্র/এমএফআর